৫৭

দৈনিক
ইত্তেফাক

তারিখ ২৪ DEC 1996
পৃষ্ঠা ৫ কলাম ২

# কর্তৃপক্ষের ভুলে ১৯৩ জন পরীক্ষার্থী প্রাথমিক বৃত্তি পরীক্ষা দিতে পারে নাই

টেকেরহাট (মাদারীপুর) সংবাদদাতা ॥ রাজৈর থানার প্রাথমিক বৃত্তি পরীক্ষার সময় ও বিষয়সূচীর বিভ্রান্তির কারণে ১৯৩ জন পরীক্ষার্থী পরীক্ষা দিতে পারে নাই। '৯৬ সালে প্রাথমিক বৃত্তি পরীক্ষা বাংলাদেশের সব থানায় একই সময় ও বিষয় অনুযায়ী অনুষ্ঠিত হয়। দেশের সব বৃত্তি পরীক্ষা কেন্দ্রে ১৮ই ডিসেম্বর প্রথম দিনে সকাল ১০টায় বাংলা এবং দুপুর ১টায় গণিত বিষয়ে পরীক্ষা অনুষ্ঠিত হইলেও রাজৈর কেন্দ্রের বহু পরীক্ষার্থী সকাল ১০টায় বাংলা ও দুপুর ২টায় ইংরেজী পরীক্ষা দেওয়ার প্রস্তুতি নিয়া কেন্দ্রে আসিয়া জানিতে পারে সকাল ১০টায় বাংলা ও দুপুর ২টায় ইংরাজী পরীক্ষার পরিবর্তে দুপুর ১টায় গণিত পরীক্ষা অনুষ্ঠিত হইবে। ফলে পরীক্ষার্থী ও অভিভাবকদের মধ্যে হতাশা এবং ক্ষোভের সৃষ্টি হয়। উপস্থিত অভিভাবকগণ জানান, পরীক্ষার্থীদের মধ্যে দুই ধরনের প্রবেশপত্র সরবরাহ করা হইয়াছে। অনুসন্ধানে জানা যায়, পরীক্ষার ১০/১২ দিন পূর্বে সরবরাহকৃত প্রবেশপত্রে ১৮ই ডিসেম্বর সকাল ১০টায় বাংলা ও দুপুর ২টায় ইংরেজী এবং ১৯শে ডিসেম্বর সকাল ১০টায় গণিত, দুপুর দুই টায় পরিবেশ পরিচিতি বিষয়ে পরীক্ষার উল্লেখ রহিয়াছে। পরীক্ষার ১দিন পূর্বে স্থানীয় কয়েকটি স্কুলের কিছুসংখ্যক প্রবেশপত্র সংশোধন করা সম্ভব হইলেও দূরবর্তী কোন স্কুলেই সংশোধনীর খবর পৌঁছায় নাই। ফলে কেন্দ্রের ৭২৫ জন পরীক্ষার্থীর মধ্যে ৫৩২ জন কোনরকমে পরীক্ষায় অংশগ্রহণ করিলেও ১৯৩ জন পরীক্ষা দিতে পারে নাই।

রাজৈর প্রাথমিক শিক্ষা অফিসার ঘটনার সত্যতা স্বীকার করিয়া জানান, কোন সময়সূচী হাতে না পাওয়ায় ভাবিয়াছি ৯৫ সালের সময়সূচী ও বিষয় অনুযায়ী পরীক্ষা হইবে, পরে ভুল জানিতে পারিয়া সংশোধন করিয়া দিয়াছি। মাদারীপুর জেলা প্রাথমিক শিক্ষা অফিসের হেডক্লার্ক জানান, পরীক্ষার ২২/২৩ দিন পূর্বেই সংশ্লিষ্ট কর্মকর্তার নিকট পরীক্ষার বিষয় ও সময়সূচী পাঠানো হইয়াছিল।